Lakkho লক্ষ্য লক্ষ্য

ছাত্রীদের বার্ষিক পত্রিকা

২০২০-২১

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন
৩৯ শংকর ঘোষ লেন, কলকাতা-৭০০ ০০৬

লক্ষ্য / *Lakkho* / লক্ষ্য

ছাত্রীদের বার্ষিক পত্রিকা

২০২০-২১

সম্পাদনা

অধ্যাপিকা কেকা দাস

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন

৩৯ শংকর ঘোষ লেন, কলকাতা-৭০০ ০০৬

দূরভাষ : ২২৪১ ৮৮৮৯

লক্ষ্য / Lakkho / लक्ष्य

Annual Students' Magazine, 2020-21

সম্পাদনা : **অধ্যাপিকা কেকা দাস**

প্রকাশ : মার্চ, ২০২১

উপদেষ্টামণ্ডলী
ড. মলি ঘোষ
ড. সম্পা বর্মণ
ড. আসিফ আলম
ড. রাজু তামাং
শ্রী গণেশ হেমব্রম
শ্রী অর্ণব কয়াল

তৃপ্তি যশ
সাধারণ সম্পাদক, ছাত্রী সংসদ

প্রকাশক
বিদ্যাসাগর কলেজ ফর উইমেন
৩৯, শংকর ঘোষ লেন, কলকাতা - ৭০০ ০০৬

প্রচ্ছদ রূপায়ণ
দি সরস্বতী প্রিন্টিং ওয়ার্কস

মুদ্রক
দি সরস্বতী প্রিন্টিং ওয়ার্কস
২ গুরুপ্রসাদ চৌধুরী লেন, কলকাতা-৭০০ ০০৬
দূরভাষ : ২৩৫০ ০৮১৬/২৩৬০ ৪৮৭৯

বিদ্যাসাগর প্রশস্তিঃ

প্রজ্ঞয়নোজ্জ্বলা বুদ্ধিঃ বিদ্যায়াং সাগরোপমঃ।
কারুণ্যে চ যথা বুদ্ধঃ সর্বেষু মৈত্রভাবনা॥
যত্নো যস্য সদৈবাসীদ্ দীনদুঃখবিমোচনে।
সর্বেষামার্তিনাশায় মাতা স্নেহময়ী যথা॥
চারিত্র্যানি সদৈবাস্য মহাপুরুষবাদ ভুবি।
বজ্রাদপি কঠোরানি মৃদুনি কুসুমাদপি॥
এবম্ সর্বগুণোপেত ঈশ্বরীয় বিভূতিমান্।
ভারতীয়জনানং হি পুন্যরূপং বিরাজতাম॥

ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়

VIDYASAGAR COLLEGE FOR WOMEN

(NAAC ACCREDITED)

39 SANKAR GHOSH LANE &
8A, SHIBNARAYAN DAS LANE
KOLKATA-700 006
Phone : 2241 8889
E-mail : office.vcfw@gmail.com
office@vcfw.org

No..... *Date .....*

শুভেচ্ছা বার্তা

আমাদের কলেজের ছাত্রীদের পত্রিকা প্রকাশ হতে চলেছে, এ আমার কাছে খুবই আনন্দের খবর। আমি চাই তারা সৃজনশীল লেখা আরও লিখুক, ছবি আঁকুক। তা দিয়ে ভরিয়ে দিক তাদেরই পত্রিকা। সিলেবাসের লেখাপড়ার সাথে সাথে তৈরি হোক সৃজনশীল জগৎ। যে জগতকে বিদ্যাসাগর কলেজ ফর উইমেন যত্ন করে আগলে রাখবে।

আমার প্রিয় ছাত্রীদের শুভেচ্ছা ও ভালোবাসা জানিয়ে—

R Chandhuri

অধ্যক্ষা

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন

Students' Magazine : I. Q. A. C. সমন্বয়কারীর কলমে

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন-এর ছাত্রীদের পত্রিকা 'লক্ষ্য' বহু প্রতীক্ষার অবসানে এক নতুন রূপে প্রকাশিত হচ্ছে। আজ 'লক্ষ্য' ছাত্রীদের পঠন-পাঠনের এক গুরুত্বপূর্ণ অঙ্গ হয়ে উঠেছে। জ্ঞানের ব্যাপ্তি আদান-প্রদানে, নব সৃষ্টিতে। আমাদের ছাত্রীদের আগ্রহ, উৎসাহ, সৃষ্টিসুখের আনন্দ প্রকৃতপক্ষেই তুলনাহীন। অতি স্বল্প সময়ে তারা যে অসামান্য সৃষ্টি সুধার তাদের লেখনীতে, তাদের অঙ্কনে বারিবর্ষণ করেছে, তাতে আমরা সত্যিই অভিভূত। ছাত্রীদের এই পত্রিকায় ছোট গল্প, কবিতা, আঁকা ছাড়াও এই বছরে ছাত্রী সংসদ দ্বারা আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের কিছু ঝলক রয়েছে। আশা রাখি বর্তমান সংখ্যার ন্যায় ভবিষ্যৎ সংখ্যাগুলিতেও আমরা ছাত্রীদের এইভাবেই সঙ্গে পাব। সর্বশেষ আমি ধন্যবাদ জানাচ্ছি যে সকল শিক্ষক, শিক্ষাকর্মী ও ছাত্রীদের যাদের নিরলস পরিশ্রমের ফল এই পত্রিকা। লক্ষ্যে অবিচল থাকার লক্ষ্য থেকে যেন আমরা কখনও বিচ্যুত না হই।

ডঃ তপন রায়

সম্পাদিকার কলমে

চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির,
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী
বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে
উচ্ছ্বসিয়া উঠে, যেথা নিবারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়

—রবীন্দ্রনাথ ঠাকুর

ভয় শূন্য, উচ্চ শিরে আমাদের ছাত্রীরা তাদের মনের মাধুরী মিশিয়ে তুলনাহীন কিছু শিল্পকর্মের সৃষ্টি করেছে। গতানুগতিক জীবন ও তার গণ্ডির যাঁতাকলে আজ ছাত্র-ছাত্রীদের মন ভ্রান্ত, ক্লান্ত; আজ তাদের মন দু-দণ্ড মানসিক শান্তির আশায় হন্যে হয়ে ভবঘুরের মতো ঘুরে বেড়ায়, এইরকম পরিশ্রান্ত মনকে আশার আলো দেখায় আমাদের সবার 'লক্ষ্য'। লক্ষ্য, যা 'বিদ্যাসাগর কলেজ ফর উইমেন' এর ছাত্রীদের বার্ষিক পত্রিকা, আজ স্বমহিমায় তার দীর্ঘদিনের যাত্রার পরিসর বয়ে নিয়ে চলেছে। ছাত্রীরা কখনও তাদের শৈল্পিক মননের সৃষ্টি, কখনও কোন অভিজ্ঞতা বা কখনও কোন বাস্তব ঘটনার বর্ণনা তুলে ধরেছে তাদের জানার পরিসর শুধুমাত্র সিলেবাস কেন্দ্রীক নয়,তারা আরও অনেক কিছু জানতে চায়, জানাতে চায়, জ্ঞানে আদান-প্রদানে তাদের জ্ঞান-পিপাসু সত্ত্বা স্বগৌরবে গৌরবোজ্জ্বল হয়ে ওঠে। অদেখা কে দেখার, অজানাকে জানার ও জানানোর এই উদ্যোগকে বিদ্যাসাগর কলেজ ফর উইমেন সর্বদা কুর্নিশ জানায় ও আশা রাখে যে বর্তমান ও ভবিষ্যৎ সংখ্যায় সৃজনশীল মনের জয়যাত্রা যেন অক্ষুণ্ণ থাকে। বর্তমান সংখ্যায় যে সকল ছাত্রীরা তাদের সৃষ্টি তুলে ধরেছে, তাদের অসংখ্য অভিনন্দন। আশা রাখি যে আগামী সংখ্যায় আমরা আরও বেশি সংখ্যক ছাত্রীর থেকে সৃষ্টি সুধা লাভ করব। এক্ষেত্রে অবশ্য বলা বাঞ্ছনীয় যে ছাত্রীদের এই বার্ষিক পত্রিকা তার গৌরবোজ্জ্বল যাত্রা বজায় রাখতে পেরেছে কিছু সংখ্যক মানুষের বদান্যতায় ও প্রেরণায়। ছাত্রী সংসদের বিশেষ পত্রিকা 'লক্ষ্য'-র সঙ্গে যুক্ত সমস্ত শিক্ষিকার তরফ থেকে ধন্যবাদ জানানো হচ্ছে কলেজ পরিচালন সমিতির সভাপতি মহাশয়কে, মাননীয়া অধ্যাক্ষ মহাশয়াকে, মাননীয় I.Q.A.C সমন্বয়কারী মহাশয়কে, মাননীয়া ছাত্রীসংসদের সভাপতি মহাশয়াকে এবং যে সকল শিক্ষক-শিক্ষাকর্মীদের যাদের সহযোগিতা ও অনুপ্রেরণা আমাদের পাথেয়।

ধন্যবাদ—

অধ্যাপিকা কেকা দাস

সূচিপত্র

সম্পাদিকার কলমে		07
সমাজ গঠনে মহিলাদের ভূমিকা	সহেলী বিশ্বাস	11
কৃষ্ণকলি	শ্রুতি পাঠক	15
লক্ষ্মী	পূজা দাস	18
একটি মেয়ে	পূজা দাস	18
বিচ্ছিন্নতা	পূজা দাস	18
প্রযুক্তির চোখরাঙ্গানীতে, অকালমৃত্যু কল্পনার	সুশ্রিতা মুখার্জী	19
'পাই নে তোমারে'	দেবিকা সাহা	20
যান্ত্রিক শৈশব	দেবরূপা ঘোষ	22
আধুনিকতা	কৌশিকী মুখার্জী	23
दबा रह गया...	नीतू कुमारी	25
गुजरी कहानी	नीतू कुमारी	25
Article on Child Labour	Shalini Dutta	26
Article on Women Empowerment	Rajstuti Mitra	27
Imagination And Literature	Sayantika Mukherjee	29
The Youth of Today is the Drawing Force of Tomorrow	Rajstuti Mitra	31
Pendulum	Urmila Ganguly	33
Creative Bower		36
Pencil Sketch		39

সমাজ গঠনে মহিলাদের ভূমিকা

সহেলী বিশ্বাস
বি. এ. প্রথম বর্ষ

''সাম্যের গান গাই -
আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই
বিশ্বে যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর''
—কাজী নজরুল ইসলাম (নারী)

নজরুল ইসলামের মতো এই মহান ভাবনা যদি আজীবন কাল ধরে চলে আসত তাহলে নারীদের অধিকার ও স্বাধীনতা প্রতিষ্ঠার জন্য নিজেদের এতটা লড়াই করতে হত না। উনিশ শতকের সূচনাকালে বাঙালি মেয়েদের অবস্থা গর্ব করার মতো ছিল না। শিক্ষার আলোক বঞ্চিত, বহির্জগতের সঙ্গে সম্পর্কশূন্য বাঙালি-র নারীরা প্রায় সমস্ত অধিকার থেকে ছিলেন বঞ্চিত। বিশ্ববিধাতা সৃষ্ট প্রাণীকে কুসংস্কারাচ্ছন্ন মানুষ খুব স্বাভাবিকভাবেই দুটি প্রধান শ্রেণীতে ভাগ করে দেয়, জাতপাতেরও ঊর্দ্ধে ওঠে — পুরুষ ও নারী। পুরুষেরা সমাজ পরিচালনা করে এবং নারীরা হয়ে ওঠে শুধুমাত্র বংশবৃদ্ধি করা ও ঘরকন্নার কাজ সামলানোর প্রধান হাতিয়ার। তাদের থাকতে হয় শুধু অন্দরমহলে। বুকফুলিয়ে গর্ব করে পুরুষেরা বলে নারীদের হতে হয় নাকি অসূর্যম্পশ্যা, না হলে বংশের সম্মান থাকে না আর নারীর সতীত্ব বজায় থাকে না। এই সতীত্ব নামক অদৃশ্য বস্তুটির মাধ্যমেই বেঁধে রাখে নারীদের। পুরুষদের নাকি সতীত্ব বা চারিত্রিক বিশুদ্ধতা রক্ষায় দায়িত্ব থাকে না। থাকে শুধু নারীদের। আর সেটাই ছিল নারী স্বাধীনতার পক্ষে প্রধান অন্তরায়। আমাদের হিন্দু সমাজের প্রধান মহাকাব্যেই নারীর সতীত্বের পরীক্ষার উল্লেখ আছে। সমাজের কথা ভেবে, কুলের মান রক্ষার্থে রাজা রাম রাবণের অধীনে থাকা সীতার অগ্নিপরীক্ষা নেন, তবে সতীর নিজের দিক থেকে কিছু বলার অবকাশ রাখেন না, সেই দিন থেকে বর্তমান আধুনিক সমাজে শুধু মেয়েরাই দেয় অগ্নিপরীক্ষা, তবে তার দিক ও কারণ ভিন্ন ভিন্ন হয়ে পড়ে। সতীত্বকে রক্ষা করার দায় শুধু কি মেয়েদেরই? পুরুষদের কি কর্তব্য থাকে না সেটাকে সম্মান দেবার? একটা কুলীন ব্রাহ্মণ শুধুমাত্র জাতের দোহাই দিয়ে শত বিবাহ করতে পারে কিন্তু একজন বিবাহিতা নারী কোনো অন্য পুরুষের দিকে তাকালে বা তার কথা কল্পনা করলেও সেটা তার ক্ষেত্রে পাপ হবে।

''নারী কি শুধু নরের ভোগ্য?
নহে কি জননী, নহে কি ভগিনী
নহে কি বিশ্বহিতের যোগ্য''

সমাজে নারীর ভূমিকা এবং পরিচয় বহু, কখনও সে মেয়ে কখনও ভগিনী, কখনও পত্নী, কখনও মাতা, কখনও বধূ, কখনও বা শাশুড়ি, তার কাজের ভারে নিজের সত্ত্বাকেই সে হারিয়ে ফেলে। মেয়েদের বেঁচে থাকাটাই ছিল স্বামীর মুখ চেয়ে। সে যোগ্য হোক, অযোগ্য হোক, উপার্জন করুক বা না করুক স্বামীর সোহাগই তাঁদের একমাত্র প্রার্থনা।

ভারতবর্ষের ইতিহাসে যে সব নারী ব্যক্তিত্ব সামাজিক অগ্রগতিতে মুখ্য ভূমিকা নিয়েছেন তাদের কথা বিশ্লেষণ করতে হলে একদম প্রথম থেকে শুরু করা উচিত। প্রাচীন যুগে কিছু শিক্ষিতা নারী ব্যক্তিত্বের কথা আমরা জানি। ভারতের প্রথম মহিলাগুরু — গার্গী। এছাড়াও অন্যান্যরা হলেন অপালা, মৈত্রেয়ী প্রভৃতি। তারা বিভিন্ন পুরাণ, মহাকাব্য ও শাস্ত্র পড়ে হয়ে উঠেছিলেন সম্পূর্ণ শিক্ষিতা। তবে নারী স্বাধীনতার ক্ষেত্রে হ্রাস টানা হয়ে থাকে মধ্যযুগে থেকে।

কারণ পুরুষতান্ত্রিক সমাজ গড়ে ওঠার পর তারা বোঝেন নারীরা শুধুমাত্র সমান নয়, তারা পুরুষদের ছাপিয়ে যাবারও ক্ষমতা রাখে। তবে ভারতবর্ষের ইতিহাসে এমন কিছুজন নারীর উল্লেখ পাই যারা স্বয়ং এবং কিছুজন মাতারূপে সন্তানদের মাধ্যমে সমাজকে সচেতন করার ক্ষেত্রে উদ্যোগী হন। এঁরা ইতিহাসে আজও চিরস্মরণীয়।

ডিগ্রিধারী শিক্ষিতা না হয়েও কিছু কিছু মহিলা আত্মজ্ঞানের দীপ্তিতে দীপ্তিময়ী ছিলেন, তাদের মধ্যে প্রধান হলেন — ভগবতী দেবী। তিনি ছিলেন পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মাতা। ছেলের পরিচয়েই আজও চিরস্মরণীয়।

তবে তার সম্পর্কে জানেন খুব কমজনই। ঈশ্বরচন্দ্রকে তিনি একজন চরিত্রবান, গুণবান, বিদ্বান মানুষ হিসেবে গড়ে তুলতে চেয়েছিলেন। তাই জীবনের শেষ বয়স পর্যন্ত বিশ্বাস করতেন বিদ্যা ও চরিত্র না থাকলে মানুষ সম্পূর্ণ হয় না। মায়ের এই শিক্ষা তিনি আজীবন মনে রেখে ছিলেন এবং লড়াই করেছিলেন সমাজের একটি অতি জঘন্যতম প্রথা বহু বিবাহের বিরুদ্ধে। মহিলাদের তিনি শিক্ষিত করতে চেয়েছিলেন। কারণ তিনি বুঝেছিলেন সন্তান তার প্রথম ও প্রকৃত শিক্ষা পায় তার মায়ের কাছে। যদি স্ত্রী শিক্ষার প্রসার না ঘটানো হয় তাহলে প্রতিটি বঙ্গসন্তান ধারাবাহিকভাবে কুসংস্কারে আচ্ছন্ন থাকবে। দেশের যুবসমাজের বিনাশ ঘটবে। সমাজ গঠনে পরোক্ষভাবে মহিলাদের বিরাট বড়ো ভূমিকা আছে তা তিনি জানতেন। মায়ের মমতা, স্নেহ, করুণা, দয়া, মায়াই মায়ের প্রতি তার ভালোবাসাকে বাড়িয়ে দেয় বহুগুণ, তাই ভারতবাসীর কাছে তিনি 'করুণার সাগর' বা 'দয়ার সাগর' নাম পরিচিত।

ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের বিশাল জ্যোতিষ্ক সুভাষচন্দ্র বসুর ব্যক্তিত্ব ও চরিত্রে পিছনে ছিল তাঁর মা প্রভাবতী দেবীর অবদান। ধর্মপরায়না এই মহিলার চারিত্রিক দৃঢ়তা ছিল অসামান্য। সেই দৃঢ়তা পরবর্তীকালে আসে সুভাষচন্দ্রের মধ্যে। সামান্য গৃহিনীর এই হৃদয়দৃঢ়তা তৈরী করে স্বাধীনতা সংগ্রামীকে। অন্তর মহলে হেঁসেল সামলানো এই মহিলা তৈরী করেছিলেন এই উজ্জ্বল নক্ষত্র যার মাধ্যমে আলোকিত হয় গোটা ভারতবর্ষ এবং প্রভাবিত হয় লক্ষ লক্ষ যুবক।

শ্যামাপ্রসাদ মুখার্জী একজন ভারতীয় পণ্ডিত ও প্রথম হিন্দু জাতীয়তাবাদী, তবে তার কিংবদন্তী তুল্য পাণ্ডিত্য ও ঐকান্তিক জাতীয়তাবাদী চেতনা ও ধারণার জন্য দায়ী ছিলেন তার মাতা যোগমায়া দেবী। উত্তরাধিকার সূত্রে মায়ের কাছে তিনি এই শিক্ষালাভ করেন, এবং এই শিক্ষা তাকে অনেকদূর পর্যন্ত নিয়ে যায়। তিনিই প্রথম কনিষ্ঠতম উপাচার্য ছিলেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের।

যাকে জানলে সমগ্র ভারতবর্ষকে জানা যাবে তিনি হলেন স্বামী বিবেকানন্দ। মাতা ভুবনেশ্বরী দেবী ছিলেন অসামান্যা মহিলা। রূপের ও গুনের সীমা ছিল না। ছিল এক অদ্ভুত স্মরণশক্তি যা পরবর্তীকালে বিবেকানন্দের মধ্যেও প্রকাশিত হয়। রামায়ণ, মহাভারত ছিল মুখস্থ। কিছু কিছু ইংরাজীও জানতেন, বালকের প্রথম শিক্ষা তার মায়ের থেকেই। পুরাণের কাহিনি পড়ে ভারতবর্ষ সম্বন্ধে সবটা জানতে চাওয়া আগ্রহী ছোট ছেলেটিকে তৈরী করল এক মহান পুরুষ। অন্দরমহলে দিনযাপন করলেও ভুবনেশ্বরী দেবীর ছিল দারুন ব্যক্তিত্ব যা পরবর্তীকালে প্রকাশিত হয় বিবেকানন্দের মাধ্যমে। উজ্জ্বল বর্ণ, দীপ্ত চোখ, আত্মবিশ্বাসে ভরপুর এই প্রাণটিকে গঠন করার পিছনে ছিল তার অবদান।

ডিগ্রিধারী না হয়েও তাঁরা ত্যাগ, নিষ্ঠা, সততা, ব্যক্তিত্বের মাধ্যমে তৈরী করেন একেকটি উজ্জ্বল নক্ষত্র। এছাড়া এমন কিছু মহিলাদের অবদান আছে, যারা বিবাহিতা বা কুমারী থেকেও বুঝিয়ে ছিলেন তারা পুরুষের সঙ্গে কতটা সমান। সমাজের বাধা, কটূক্তি সহ্য করেও তারা স্ত্রী প্রগতির জন্য লড়াই করেন।

রামকৃষ্ণের মৃত্যুর পর গুরুভাইদের, স্বয়ং স্বামী বিবেকানন্দকে যিনি সামলে ছিলেন তিনি হলেন মাতা সারদাদেবী। কেউই তার নিজের সন্তান ছিল না, তবুও তিনি একজন দায়িত্ববান, নিষ্ঠাবান, কর্তব্যপরায়না মায়ের ভূমিকা পালন করেন। স্বামী বিবেকানন্দ নিজে উত্তরসূরী হিসেবে নিয়ে এসেছিলেন নিবেদিতাকে। ভগিনীরূপে সম্বোধন করেন তাকে। মাতা সারদার দৃঢ়ছায়ায় তিনি সন্তানসম স্নেহ, মমতাকে অনুভব করতে পারেন। সেই থেকে সমাজ সংস্কারের ও মেয়েদের শিক্ষার কথা ভাবেন তিনি এবং প্রতিষ্ঠা করেন 'শ্রীরামকৃষ্ণ বালিকা বিদ্যালয়' পরে যার নাম হয়—রামকৃষ্ণ

সারদা মিশন ভগিনী নিবেদিতা বালিকা বিদ্যালয় বা ভগিনী নিবেদিতা বালিকা বিদ্যালয়।

রংপুর জেলার পায়রাবন্দ গ্রামের সম্ভ্রান্ত মুসলিম ভূস্বামী কন্যা ছিলেন বেগম রোকেয়া। তৎকালীন সমাজ ব্যবস্থা অনুসারে বাইরে পড়াশোনা করেননি তিনি, বাড়িতে শেখা হলেও তা বন্ধ হয়ে যায় অচিরেই। বিবাহের পর তার আগ্রহ দেখে স্বামী সৈয়দ সাখাওয়াত হোসেন তাঁকে পড়ান। নারী শিক্ষা বিস্তারের জন্য তিনি তৈরী করেন সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল। কারণ তিনি জানতেন পরিবারে প্রধান ভূমিকা পালন করে মহিলারই। তাই নারী শিক্ষা একান্ত জরুরী।

শিল্প, সাহিত্য, ধর্ম ও বাণিজ্য এবং সমাজ সংস্কারের প্রায় সব দিক থেকেই উদার ও সফল পরিচয় দেওয়া জোড়াসাঁকো ঠাকুরবাড়ির দুই মহিলার কথা। প্রথমজন হলেন— সত্যেন্দ্রনাথ ঠাকুরের স্ত্রী জ্ঞানদানন্দিনী দেবী। সিভিলিয়ান অফিসার স্বামী বিলেত থেকে এসে স্ত্রীকে বের করেন অন্দরমহলের বেড়াজাল ভেঙে। বাড়ির মেয়েদের পোষাকের প্রতিও কঠোর দৃষ্টি ছিল জ্ঞানদার। তাই পার্সি ঢঙে 'বোম্বাই দস্তুর' স্বামীর পাশাপাশি থেকে তিনি যোগ্য সহধর্মিনী হয়ে উঠেছিলেন, তার স্বপ্ন ছিল তার মতো সমস্ত বাঙালি মেয়ে বউরা এই ধরনের কাপড় পরে জনসমক্ষে বের হবে। স্বামীর পাশে দাঁড়াবে গর্ব করে। তিনিই ছিলেন প্রথম বাঙালি মহিলা যিনি লাটভবন যান। লজ্জায় অনেক গোঁড়া হিন্দু বাঙালির মাথা কাটা গেলেও জ্ঞানদার বা সত্যেন্দ্রনাথের কোনো রকম লজ্জাবোধ হয়নি। তার ব্যক্তিত্ব দেখেই হয়তো ঠাকুরবাড়ি থেকে শুরু করে সম্ভ্রান্ত সমাজের রমণীরা আদায় করতে থাকেন নিজেদের অধিকার। ঠাকুরবাড়িতে তার গুণমুগ্ধা ছিলেন স্বর্ণকুমারী দেবী। যিনি শত প্রতিকূলতা জয় করে দাদাদের সঙ্গে বীর দর্পে গিয়েছিলেন কবিতার আসরে। তার ব্যক্তিত্বে মুগ্ধ হয়েছিলেন বহু শ্রোতা ও লেখক। তিনিই প্রথম বাঙালি লেখিকা হিসেবে আত্মপ্রকাশ করেন জনসমক্ষে এবং তার লেখনীর বাঁধুনী ছিল খুবই শক্ত। তাকে দেখে অনুপ্রাণিত হয়ে বহু বাঙালি কন্যা নিজেদেরই লেখিকা সত্তাটিকে জাহির করবার সাহস পান। মহিলাদের লেখবার স্বাধীনতার জন্য তিনিও বহু লেখালেখি করেছেন।

অপার স্নেহময়ী, উদার করুণাময়ী রানি রাসমনি, যিনি স্বামী মৃত্যুর পর একা যথেষ্ট দক্ষতার সঙ্গে জমিদারী চালান, দেবতার ও ধর্মের প্রতি ভাবাবেগ ছিল প্রবল তবুও তথাকথিত ব্রাহ্মণ ও হিন্দুদের গোঁড়ামি ও কুসংস্কারগুলি পাত্তা দেননি তিনি। নিজের সন্তানের মতো দেখতেন জামাই মথুরকে এবং তার সাহায্যেই তৈরী হয় গঙ্গাতীরে দক্ষিণেশ্বর কালীমন্দির। ১৮৫৪ সালে করলেন সেই বিখ্যাত কালীমন্দির। খরচ পড়ল সব মিলিয়ে প্রায় ন'লক্ষ টাকার মতো। রাসমণির উদারতার জন্য সর্বসাধারণ মানুষ পায় মায়ের দর্শন। নীচু জাতের মেয়ের মন্দির বলে বহু কথা শুনতে হয়েছিল তবুও তার ব্যক্তিত্বের প্রভাবে তিনি অসামান্য দক্ষতা দেখিয়েছেন। মহিলাদের অবাধভাবে গঙ্গাস্নানের জন্য তিনি বাঁধানো ঘাট বানান, জাতীয় গ্রন্থগারের জন্য বহু অর্থ দেন। নিজের দৃঢ়তা ও ব্যক্তিত্ব দিয়ে বেঁধেছিলেন তার পরিবারকে। তার স্নেহ ও অন্নে লালিত হত বহু অনাথ, দুঃখী। সকলের কাছে তিনি ছিলেন 'রানি মা'। সাধারণ মেয়ে থেকে সকলের রানিমা হয়ে ওঠার পথটি সমাজের বাকি সব মহিলার কাছে হয়ে ওঠে অনুপ্রেরণা।

এছাড়াও ভারতবর্ষের ইতিহাসে আছে বহু নারীচরিত্র যারা অন্দরে থেকেও জননী হয়েও সৃষ্টি করেছেন এক নতুন ইতিহাস, নারী জাগরণের এক নতুন অধ্যায়। স্বাধীনতা, নিরপেক্ষতা ও দেশের স্বাধীনতার জন্য নিজেই নেমেছেন ঢাল হাতে তার যোগ্য উদাহরণ হল— ঝাঁসির রানি লক্ষ্মীবাঈ। পুরুষের মতো দৃপ্তভঙ্গিমায় যুদ্ধক্ষেত্রে দেখিয়েছেন তার প্রতিভা।

তবে বর্তমান সমাজে আমাদের চারপাশে যে অস্থিরতা, অনৈতিকতা, বিশৃঙ্খলতার পরিবেশ সৃষ্টি হয়েছে, তার ফলে নারী স্বাধীনতার থেকে নারী নিরাপত্তার প্রশ্নটাই প্রধান হয়ে ওঠে। মা, কুমারী মেয়ে বা বৌমা রূপধারী নারীদের ওপর যে ধরণের অত্যাচার হয়ে চলেছে তার প্রধান প্রতিবাদ হিসেবে আসে রানী লক্ষ্মীবাঈয়ের নাম। কোনো অন্যায়কে দমন

করতে হলে বা প্রতিবাদ করতে হলে শক্তহাতে দমন করতে হবে। একমাত্র নারীরাই পারে কখনও দুর্গা, কখনও চণ্ডী আবার কখনও বা লক্ষ্মীর রূপ নিতে। মাতা, স্ত্রী, ভগিনী, বৌমা বা কন্যারূপে একটা গোটা পরিবারকে সামলানোর দায়িত্ব থাকে শুধুমাত্র মেয়ের ওপর, পরিবারে দুর্ঘটনা ঘটলে নারীরাই সবথেকে বেশি ত্যাগ স্বীকার করে, আবার পুত্রের মোহে ও ভালোবাসায় অন্ধ কোনো নারীই নিজের কন্যা সন্তানকে সামনে রেখে বড়ো মাছের টুকরো বা মাংসের টুকরোটা তুলে দেয় পুত্রের পাতে। নারীরাই নিজেদের মধ্যে সৃষ্টি করে ভেদাভেদ তাই পুরুষশাসিত সমাজ তাতে ভাঙন ধরাতে পারে। কখনও আবার নারীরাই সবথেকে বেশি পরিমাণে স্বামী বা পুত্রের কথা অনুযায়ী চলতে থাকে। পৃথিবীর অষ্টম আশ্চর্য যদি কিছু থেকে থাকে তা হল নারী। কোনো কবি বা লেখক নিজের লেখনীর নিচে নিজের নাম লেখেন কিংবা কোনো চিত্রশিল্পী নিজের আঁকার নীচে স্বাক্ষর করেন কিন্তু একমাত্র নারীরাই সন্তান ভূমিষ্ট হবার সঙ্গে সঙ্গে তাকে পিতার নাম দেন। সমাজে আজও যার পিতার পরিচয় নেই তার পায়ের তলার মাটি শক্ত করতে বহু কষ্ট করতে হয়। ছেলে সন্তান হলে নারীরাই মুখমিষ্টি করায় আবার মেয়ে সন্তান হলে নারীরাই দেয় গঞ্জনা। নারীদের উচিত অন্য একজন নারীর বিপদে পাশে গিয়ে দাঁড়ানো। কারণ সন্তানকে মানুষ করবার দায়িত্ব যে তার, তবে ডিগ্রিধারণকালে সন্তানের অভিভাবক আজও বেশিরভাগ ক্ষেত্রে হয়ে আসছে তাদের পিতা। তাই মহিয়সী নারীদের জীবনকাহিনী পাঠ করে নিজের আগুনে জ্বলে ওঠার আশা রয়েছে সকল নারীর কাছে।

সহায়ক গ্রন্থ :

১। বঙ্গনারীর গল্প শতক
২। বন্ধু বিবেকানন্দ : শঙ্করীপ্রসাদ বসু
৩। নিবেদিতা লোকমাতা ১ম খণ্ড : শঙ্করীপ্রসাদ বসু
৪। পুরাতনী : জ্ঞানদানন্দিনী দেবী
৫। ঠাকুরবাড়ির অন্দরমহল : চিত্রদেব
৬। শ্রীরামকৃষ্ণ নারীর প্রথম পূজারী : রঞ্জন বন্দ্যোপাধ্যায় (দক্ষিণেশ্বর মন্দির প্রতিষ্ঠা তথ্য)
৭। উইকিপিডিয়া

সম্প্রীতা ব্যানার্জী

কৃষ্ণকলি

শ্রুতি পাঠক

শ্রেণি : দ্বিতীয় বর্ষ, বিভাগ : বিজ্ঞান বিভাগ (সাধারণ)

ক্রমিক সংখ্যা : ৩৩২

দেওয়াল ঘড়ির কাঁটা জানিয়ে দিয়ে গেল রাত ১০টা। পৌষের রাত, তালবাগান থানায় ইন্সপেক্টর রাজীব চৌধুরি ও কয়েকজন কনস্টেবল। গত দু-এক সপ্তাহ কোন নতুন কাজ না আসায় ইন্সপেক্টর চৌধুরির মধ্যেও কোন ব্যস্ততা নেই।

রাত ১০টা ২৫। এমনিতেই এ অঞ্চলে তেমন কোন লোক যায় না এত রাত তার ওপর শীতের রাত। শীতটা একটু বেশিই পড়েছে। বেশিরভাগ মানুষই লেপ-কম্বলের তলায় আশ্রয় নিয়েছে একটু গরমের খোঁজে। হঠাৎই যেমন রূপকথার রাজপুত্র এসে টেলিফোন রাজকন্যার গায়ে সোনার কাঠি-রূপার কাঠি ছুঁয়ে গেল। নিশ্চুপ ফোনটা সজীব হয়ে ক্রিং...ক্রিং... করে চেঁচিয়ে উঠল। ফোনের ওপার থেকে ভেসে এল একটা ঘ্যাঁস ঘ্যাঁসে কণ্ঠস্বর — তালবাগান থানা?

— হ্যাঁ, ইন্সপেক্টর রাজীব চৌধুরি বলছি।

— মানিকদত্ত সরণিতে একটা বাড়িতে আগুন লেগেছে, দমকল নিয়ে আসুন।

— বাড়ির নম্বরটা। হ্যালো! বাড়ির নম্বরটা কত?

লাইনটা কেটে গেল, থানায় উপস্থিত দু-চারজন পুলিশকে নিয়ে জীপে করে রওনা দিল রাজীব চৌধুরি।

কিছুদূর যাওয়ার পরই দুম করে দুটো গাড়ীর সঙ্গে দেখা, তাদের জিজ্ঞেস করে জানা গেল যে, তাদের কাছেও একই ধরনের ফোন গেছে এবং বলা হয়েছে পুলিশকে সঙ্গে করে নিয়ে যেতে। কিন্তু সেখানেও বাড়ীর নম্বর জানার আগেই ফোন কেটে গেছে।

নীরব রাস্তার মধ্যে দিয়ে দুরন্ত গতিতে ছুটে চলেছে তিনটে গাড়ি। বোধহয় পূর্ণিমা। তাই আকাশের চাঁদটা প্রায় গোল থালারমতো। দূর থেকে রাস্তাটাকে মনে হচ্ছে একটা খোলা তরোয়াল। চাঁদের আলোয় রাস্তাটা যেন নিজের লাবণ্যর সঙ্গে প্রকাশ করছে এক দারুণ ঔদ্ধত্য।

তালবাগান থানা থেকে মানিক দত্ত সরণি গাড়িতে পনেরো মিনিটের পথ। সেখানে পুলিশের জীপ ঢুকতেই চার পাঁচজন দেখিয়ে দিলে বাড়িটা। দোতলা বাড়ি। আপাতদৃষ্টিতে মনে হয় বাড়ির মানুষরা অবস্থাপন্ন। বাড়ির চারপাশে বেশ খানিকটা ফাঁকা জমি। আরও দু-চারপা এগিয়ে গেলে পরপর বাড়ি রয়েছে। প্রতিটি বাড়িতেই লাইট জ্বলছে। একে শীতের অলসতা অন্যদিকে ভয়ংকর ঘটনা—এই দুইয়ের প্রভাবে সেখানকার বাসিন্দারা কিছুটা বিচলিত। দোতলা বাড়ির পাশেই রয়েছে আরও দুটো ঘর। তবে সেগুলো পাকা নয়, আগুনের শিখা সেই ঘর দুটোতেই আগে থাবা বসিয়েছে। পাড়ার বাসিন্দারাই আগুন প্রায় নিভিয়ে ফেলেছে। কুণ্ডলী পাকিয়ে ধোঁয়ার পর ধোঁয়া আকাশের দিকে চলেছে। দমকলের গাড়ি এসে বাকি আগুন নেভানোর কাজে লেগেছে। দোতলা বাড়ির কিছুই ক্ষতি হয়নি। শুধু দেওয়ালগুলো কালো হয়ে গেছে। বাসিন্দাদের কাছ থেকে জানা গেল, ওই অগ্নিদগ্ধ কাঁচা বাড়ি দুটোর একটিতে একটি মেয়ে ছিল, আগুন লাগার পর তাকে বাইরে আসতে দেখা যায়নি। সবার ধারণা হয়তো ঘুমিয়ে পড়েছে তাই প্রাণ বাঁচানোর শেষ চেষ্টাও করতে পারেনি।

সাত-আট মিনিটের মধ্যেই সব আগুন নিভে গেল। এত শীতের রাতেও চারপাশের আবহাওয়া উত্তপ্ত। আগুন

নিভতেই বাড়ির লোকজন কান্নাকাটি শুরু করল মেয়েটির জন্য। ইন্সপেক্টর চৌধুরি এটুকু জানতে পারল যে, মেয়েটার নাম কলি। বয়স ঊনিশ-কুড়ি হবে। কলিরা মা আট মাস আগে মারা গেছেন। তাই, ওই ঘরে কলি একাই থাকত।

সত্যিই মানুষ যা ভাবে তা হয় না। কারণ Destiny has other plan। ওই ঘর থেকে কোন পোড়া দেহ পাওয়া যায়নি। যদিও ঘরে বেশিরভাগ বস্তুই আধপোড়া, তবুও স্পষ্টই বোঝা যায়, আগুন লাগার আগেই ঘরে থাকা কিশোরী মেয়েটি চলে যায় অন্য কোথাও। এমন দ্বন্দ্ব একটা নয়, দু-দুটো—

এক, মেয়েটি কোথায় গেছে?

দুই, ঘরে আগুন কি করে লেগেছে?

সকাল দশটা, থানায় এসে জড়ো হয়েছে অগ্নিদগ্ধ বাড়ির দ্রব্যাদি। কিছু সন্ধান পাওয়ার আশায় ইন্সপেক্টর চৌধুরি ভালো করে তাদের অবস্থান সম্পর্কে অবগত হওয়ার চেষ্টা চালাচ্ছেন। এই সময় একজন মহিলা ও একজন পুরুষ একসঙ্গে প্রবেশ করল।

— নমস্কার, আমরা কলির মামা-মামি।

— বসুন।

— আচ্ছা, কলির কোন খবর?

— না, আপাতত কলির কোন খবর আমরা পাইনি। তবে চেষ্টা করছি।

— ওর ঘর থেকে কিছু পাওয়া গেছে?

— ঘর থেকে পাওয়া বেশিরভাগই আধপোড়া, সন্দেহজনক কিছু পাওয়া যায়নি। তবে একটি লোহার সিন্দুক, ছোট পাওয়া গেছে তালা দেওয়া।

— সিন্দুকে কি আছে? (বোধহয় ওর মায়ের সোনার গহনা, ওই গয়না কিন্তু আমাদেরই প্রাপ্য, কারণ—ওর মা নেই আর ওই মেয়েটা কোথায় তাও তো...

— দেখুন সিন্দুকে কি আছে না আছে, আমি জানি না, তবে ওই সিন্দুক সম্পর্কিত তথ্য আপনারা কালকে সকালে পাবেন।

— আচ্ছা তাহলে কালকেই আসব, আসছি।

— আসুন।

এক ফুট বাই এক ফুট লোহার সিন্দুক, এত ছোট সে সিন্দুক না বলে বাক্স বললেও ক্ষতি নেই। তবে সিন্দুক খুলে দেখা গেল তার ভিতর আরও একটি ছোট কৌটো। এত সুন্দরভাবে সুরভিত দেখলে মনে হয় ঝিনুকের মধ্যে মুক্তো। ইন্সপেক্টর চৌধুরিকে অবাক করে দিয়ে সেই কৌটো থেকে বেরিয়ে এল একটি কাগজ, কাগজ বলা ভুল চিঠি বললেই ভালো। সেই চিঠি লেখা থানাকে উদ্দেশ্য করেই। চিঠিটা নিম্নে দেওয়া হল—

মাননীয়,

পুলিশ

আমি কৃষ্ণকলি সেন, এতক্ষণে নিশ্চয়ই আপনার মনে বেশ কিছু প্রশ্নের উদয় হয়েছে আমাকে কেন্দ্র করে আর তার অবসানের জন্যই আমার এই পত্র লেখা।

আমি ছোটবেলা থেকেই মামাবাড়িতে বড়ো হয়েছি। তাই, আমি আমার পরিবার বলতে বুঝি মা, দিদা, মামা, মামি আর ভাই, আমাদের বাড়িতে আমরা সবাই রবীন্দ্রনাথের ভক্ত। আমার মায়ের একটা পছন্দের কবিতার লাইন— 'কৃষ্ণকলি আমি তারেই বলি।? কালো মোরে বলে গাঁয়ের লোক"।

আর এই কবিতার লাইন থেকেই আমার নামের জন্ম। মায়ের কাছে শুনেছিলাম, আমার তিন মাস বয়সে মা আমাকে

নিয়ে মামাবাড়ি চলে আসে, আমার বাবা প্রায় প্রতিদিন মদ্যপ অবস্থায় এসে মায়ের ওপর অত্যাচার করত। শুনেছি, আমার আগে আরও তিনটেদিদি আমার ছিল, কিন্তু শুধুমাত্র কন্যাসন্তানের জন্য তাঁরা পৃথিবীর আলো দেখতে পায়নি। হয়তো আমিও পেতাম না। কারণ — আমাকে বাঁচানোর জন্যই আমার মাকে একটা চোখ দিতে হয়েছে।

আজ থেকে দশ মাস আগে আমার একজন প্রিয় মানুষ আমায় ছেড়ে চলে গেছে। আর তার দু-মাস পরে আমাকে একা রেখে চলে গেল আরও একজন। প্রথমজন আমার দিদা ও দ্বিতীয়জন আমার মা, আপনি বলতেই পারেন যে, আমি কেন নিজেকে একা বললাম। আমার মামা, মামি, ভাই আছে, ঠিকই আমিও প্রথমে তাই ভেবেছিলাম যে, আমি তো একা নই। কিন্তু না, আমারও ভুল ভাঙল যখন জানতে পারলাম, আমি একাই।

সেদিন কলেজে গেছিলাম ঠিকই কিন্তু কলেজ বন্ধ ছিল, তাই তাড়াতাড়ি বাড়ি ফিরে এলাম। আর তখনই শুনতে পেলাম এক অভিসন্ধি। আমাকে পুড়িয়ে মারার চক্রান্ত। কারণ একটাই সম্পত্তি। আমার দিদা তাঁর পুরো সম্পত্তি সমান দু-ভাগে ভাগ করেন, তার সেই একভাগ সম্পত্তি হস্তগত করার জন্যই এই চক্রান্ত। এই চক্রান্তে সামিল আমার মামা, মামি ও ভাইও। এই মাকড়সার জাল থেকে নিজেকে ছিন্ন করার জন্যই আমার এই সিদ্ধান্ত।

আমি কুড়িটা বসন্ত পার করেছি। আমার মা তার নিজের চোখ দিয়ে আমার চোখ খুলে দিয়েছে। আমাকে এই পৃথিবীর রূপ দেখতে সহায়তা করেছে। তাই এই চোখকে এত সহজে আমি হারাতে চাইনি। আমি নতুনের সন্ধানে বেরিয়ে গেলাম, রবিঠাকুরের কথা স্মরণ করে ভগবানের কাছে আমার একটাই প্রার্থনা— ''আয় রে নূতন, আয়, সঙ্গে করে নিয়ে আয় / তোর সুখ, তোর হাসি-গান''

এতদূর পড়ে আপনি নিশ্চয় ভাবছেন, আমি তো আপনাকে এসেই বলতে পারতাম, এই চিঠির তো কোনো দরকার ছিল না, সেখানে হয়তো আমার ঝুঁকি ছিল, আর আমি বিশ্বাস করি, ...আরেকটা কথা আপনাকে ফোন আমিই করেছিলাম আগুন লাগার কথা জানাতে।

ইতি—
কলি

পরদিন সকাল দূরভাষ দূরের ভাষা নিয়ে হাজির তালবাগান থানায়। ইন্সপেক্টর চৌধুরী ফোন ধরতেই ফোনের ওপারে উৎকণ্ঠার সুর—

— আমি কলির মামা বলছি, আপনি বলেছিলেন আজকে সকালে ওই সিন্দুকে কি আছে দেখাবেন, আমরা কখন যাব?

— আপনাদেরকে আর আসতে হবে না।

— কেন? ওই সিন্দুকে যা পাওয়া যাবে তার উত্তরাধিকার তো আমরাই। কলি নেই, ওর মাও...

—আপনারা অবশ্যই কলির সমস্ত কিছুর উত্তরাধিকার, তবে এটা জেনে রাখুন, আপনারা যা ভাবছেন, সিন্দুকে তা নেই তার বদলে আছে এক কিশলয়ের উত্তরণের গল্প।

— কিছু তো বুঝলাম না।

— বুঝতে পারবেন। কিছুক্ষণ পর আমি আপনাদের বাড়ি যাচ্ছি। রাখলাম।

যদিও থানা থেকে বেরল দুজন, ইন্সপেক্টর চৌধুরী ও একজন পুলিশ, কিন্তু দোতলা বাড়ি ঘুরে থানায় প্রবেশ করল পাঁচজন। আবারও ন্যায় অন্যায়কে পিছনে ফেলে সত্যের বিজয়কেতন ওড়াল পৃথিবীর অসীম আকাশে—

ঋণস্বীকার — রবীন্দ্রনাথ ঠাকুর।

কবিতা

লক্ষ্মী

পূজা দাস

ঘরের লক্ষ্মীকে মারছ পোড়াচ্ছ,
পথের লক্ষ্মীকে গণধর্ষণ।
গর্ভের লক্ষ্মী ভ্রূণহত্যায়
পথের লক্ষ্মীতে ফুলবর্ষণ।।

একটি মেয়ে

একটি মেয়ে, যার ছোটোবেলা থেকেই
মুখে ফুটে ওঠে ভাষা।
যার ছোটোবেলা থেকেই গড়ে ওঠে,
মনে ছোটো ছোটো স্বপ্ন পূরণ করার আশা।
যার, ঠোঁটের চোট্ট মিষ্টি হাসিতে
পিতা-মাতার বুকে ফেটে পড়ে আনন্দের জোয়ার।
আর, বড়ো হলে যাকে নিয়ে
পিতা-মাতার চোখ দেখে নিত্য-নতুন স্বপ্ন।

কিন্তু,
সুরক্ষিত কি সেই আদরের মেয়ে,
এই সমাজেই
সেখানে, তাকে ঘিরে রয়েছে,
সমাজে হয় কিছু নিষ্ঠুর ও অত্যাচারী মানুষ।
যাদের, জন্য মেয়েরা সুষ্ঠু ও সংরক্ষিত ভাবে
পথে চলাচল করতে পারে না।
কারা, সেই অসভ্য ও লম্পট লোকজন,
যাদের সমাজের অন্তর্ভুক্ত নয়ই বরং
মানুষ বলেও মনে করা যায় না।
টেনে ছিঁড়ে ফেলো তাদের মুখোশ
যারা এই সভ্য, ভদ্র মুখোশের পেছনে
লুকিয়ে রেখেছে নিজেদের
অমানবিক চেহারা।
যারা, নিজেদের স্বার্থে,
মেয়েদের মুখে অ্যাসিড ছুঁড়ে মারে
তাদের কী অধিকার আছে,
সমাজে মুখ দেখানোর
তারা কী যোগ্য
সমাজে মুখ তুলে বাঁচার।
শুধুমাত্র
ভগবান কী পারবে তাদেরকে
সৎ পথে ঠেলে দিতে
জানি না...

বিচ্ছিন্নতা

যদি প্রজাপতি হয়ে উড়ে গিয়ে
শোভা বাড়াবে বাগানের
তাহলে শুয়োপোকা হয়ে প্রথমে
হাতে ফুটলে কেন??
যদি ঝড়ে পড়ে যাবে একদিন
তাহলে পাতা হয়ে আলোর সাথে
লুকোচুরি খেললে কেন??
যদি ঢেকে যাবে কালো মেঘে
তাহলে নীল হয়ে সূর্যের সাথে
প্রেমে আবদ্ধ হও কেন??
যদি কারুর কাছে বেঁচে থাকার দায় হয়ে যাও,
তাহলে তাকে জন্ম দিয়েছিলে কেন??
যদি কারুর বুক মরূভূমি করে দাও তাহলে তাকে
নদীর শোভা কেন দেখিয়ে ছিলে??
যদি কারুর চোখে অবিশ্রান্ত ধারা দাও,
তাহলে তাকে হাসির ধারণা কেন দিয়েছিল?
যদি কারুর জীবনে ঝড়ের পাল তোলা,
তাহলে তার জীবনে শান্ত সমুদ্রের
শোভা কেন দেখিয়েছিল??
যদি ছেড়ে চলে যাবে একদিন
তাহলে কাছে কেন এসেছিলে??

প্রযুক্তির চোখরাঙানীতে, অকালমৃত্যু কল্পনার

• • •

সুশ্রিতা মুখার্জী
শ্রেণি : তৃতীয় বর্ষ বিভাগ : সাংবাদিকতা বিভাগ
ক্রমিক সংখ্যা : এ. জি. ৫৩২

''জয় জয় দেবী চরাচর সারে...'' এই মন্ত্রটা শুনলেই, যেমন তাজা হয়ে যায় ছোটোবেলার সেই প্রথম হাতেখড়ির স্মৃতি ঠিক তেমনিই যে কখন এই জীবনটা যে গুটিসুটি পায়ে ক্রমশ এগিয়ে চলেছে তার টের পাওয়া ভার। তারই মধ্যে যে মানুষ কখন তার এই ছোট্ট শৈশবকে পিছনে ফেলে বড়ো হয়ে ওঠে তা বোঝা মুশকিল। এসব তো গেল জীবনের মধুর স্মৃতি। কিন্তু বর্তমানে কখন এই রমরমিয়ে বেড়ে চলা প্রযুক্তির আনাগোনা এবং চারিদিকের চরম প্রতিযোগিতাময় মনোভাব ও ব্যস্ততার পরিবেশই যে কেড়ে নিচ্ছে মানুষের কাছ থেকে তাদের কল্পনা ও শৈশব, তা বলার আর অপেক্ষা রাখে না। কথায় আছে না ''লোহা গরম থাকতে থাকতে হাতুড়ি মারা উচিত...'' ঠিক তেমনই সাম্প্রতিককালে হাতে গরম, Smartphone, নতুন app-এর রমরমা বাজারে সেই হাতে লেখার আর ছবি আঁকার অভ্যাসটাই যে ধীরে ধীরে মানুষের মস্তিষ্কের ধুলো পড়া অংশে জমা স্মৃতিগুলোর, মতোন হয়ে যাচ্ছে তাতে কোনো Touch তেই যখন কাউকে মেসেজ করা, text কার বা কোনো অফিসের কাজের দরকারি File পাঠানোর মতো তাবড় কাজগুলো শেষ হয়ে যাচ্ছে, সেখানে প্রযুক্তি বিপ্লবের বাহুল্যে যে, বহুকাল আগেই চিঠি হার মেনেছে text এর কাছে, আর হাতে আঁকা ছবি যে হার মেনেছে Editing app-এর কাছে তা প্রায় এখনকার একটা ছোট্টো বাচ্চাও জানে। যার ফলে আজকাল মানুষ তাদের ফর্দ লেখা, হিসাব কষা এমনকী ডায়েরি লেখার সব দায়িত্বই প্রায় ছেড়ে দিয়েছে তাদের প্রিয় Smart phone-এর ওপর এরকম ঘটতে থাকলে যে, অচিরেই পড়বে না হাতেখড়ির ধরানোর, তাতে কোন সন্দেহ নেই। এটা ঠিক যে হাতেলেখার চেয়ে texting অনেক সহজ, আর তার চেয়ে সহজ যেকোনো creative art কে বা শিল্পকে editing করে আরো নিখুঁত করা। তাছাড়া texting-এর ক্ষেত্রে যেমন মাথা ঘামানোর বদলে জায়গা করে নিয়েছে তার শব্দ কোষমালা বা ইংরাজীতে যাকে বলে dictionary optionটা, তেমনি যে কোনা ছবির নগণ্য খুঁতকেও ম্যাজিক করে গায়েব করে দেয় Editing app, ভয় থাকে না কোনো খুঁতের। কিন্তু বর্তমানে এই সবকিছুর নিখুঁত হওয়ার প্রয়োজনীয়তার পিছনে যেন একটা ভীত কিন্তু সর্বক্ষণ ঘটেই চলেছে, সেদিকে থেকে বলতে গেলে, মনোবিদ ও বিশেষজ্ঞদের মতে, হাতের লেখা ও ছবি আঁকার অভ্যাস যে, মানুষের কল্পনাশক্তিকে উজ্জীবিত রাখে তা যা বলার অপেক্ষা রাখে না। তাই অতিরিক্ত যান্ত্রিকতা মানুষকে বা তার ছবিগুলোকে নিখুঁত ও তার কাজগুলোকে সহজ করে দিলেও এটা যে আমাদের কল্পনার অলিগলিতে বিচরণের পথ রুদ্ধ করেছে তাতেও কোনো সন্দেহ নেই। তাই আধুনিকতার সঙ্গে তাল মিলিয়ে আমরা পারদর্শী হয়ে উঠব ঠিকই, কিন্তু রবিঠাকুরের মতো, আর কারুর আঙ্গুলের সরণে আর সেরকম শব্দমালার ঝড় ওঠার সম্ভাবনা নেই, তাতেও কোনো সন্দেহ নেই। তাই মাঝে মাঝে নয় সবসময়েই আমাদের মধ্যে শৈশবকে উজ্জীবিত রাখতে হলে, ভালোবেসে যেমন পেন, তুলি, খাতা নিয়ে বসে পড়া যায় ঠিক তেমনিই এর মধ্যে এই চিন্তাও আনা যায় যে, আমাদের ভবিষ্যত হোক শুধু প্রযুক্তির মধ্যে নয়, পরিবর্তিত হোক এক নতুন বাস্তবময় কল্পনার রাজ্যে। ঠিক যেন, বিশ্ববিখ্যাত বিজ্ঞানী অ্যালবার্ট আইনস্টাইনের মতের মতো, সেখানে তার মত হল, 'A genius is not made by the I. Q. they are actually good in imagination.'

‘পাই নে তোমারে’

• • •

দেবিকা সাহা

শ্রেণি : প্রথম বর্ষ বিভাগ : সাংবাদিকতা বিভাগ

ক্রমিক সংখ্যা :

পরম ব্রহ্মকে পাওয়ার জন্য মানুষ তাঁর উপাসনা বহু বছর ধরেই করে আছে, কে এই পরম ব্রহ্ম! তাঁর অবস্থানই বা কোথায়। তাঁর রূপ — গন্ধ — মাধুর্য কিরকম! এই সব কথার বিজ্ঞান ভিত্তিক প্রমাণ না থাকার দরুন তা অন্তহীন তর্কের মেয়াদ জোগায়। ব্রহ্মবাদী কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর পূজা পর্যায়ের সঙ্গীত বিভাগে এরকমই অনেক গানের জন্ম দিয়েছেন যাতে, তার হৃদয়ের বোবা আর্তনাদ প্রকাশ পায়, ঈশ্বর আমাদের হৃদয়ে বিরাজমান — তাঁকে বাহ্যিক স্পর্শে পাওয়া না গেলেও অন্তরের তীব্র অনুভূতিতে সে ধরা দেয়। তাঁর পূজা পর্যায়ের এরকমই একটি গান হল — ‘দাঁড়িয়ে আছো তুমি আমার গানের ওপারে, আমার সুরগুলি পায় চরণ, আমি পাইনে তোমারে’। কবির এই গান ঈশ্বরের কাছে পৌঁছলেও তিনি তাঁর হৃদয়ে তাকে অধিষ্ঠিত করতে ব্যর্থ।

মানুষের রূপটানের ন্যায় ভেতরের টানও নিয়ত পরিবর্তনশীল। কবিগুরু ও তাঁর জীবনের দীর্ঘ সময়ে নানা পথের পথিক। মানুষ একদিকে মৃত্যুর ও অপরদিকে অমৃতের অধিকারী, একদিকে সে আত্মতুষ্টিতে বিরত ও অপরদিকে সে জনমানবের কল্যাণে সর্বদা ব্যস্ত। আমরা কোনোটাকেই উপেক্ষা করে চলতে পারব না।

রবীন্দ্রনাথকে ঈশ্বরের আসনে অধিষ্ঠিত করে, হল ভাড়া করে, মালা চড়িয়ে তাঁর গলায়, মাইক বাজিয়ে আমরা তাঁর যে জন্মদিন এবং মৃত্যুদিন উৎযাপন করি তা কেবলই আত্মতুষ্টির বশবর্তী হয়ে পূজার্চনা, উপাচার, বন্দনা সর্বস্ব আমাদের অনুষ্ঠানের লক্ষ্যে পৌঁছানোর থেকে বিরত রাখে। অনুষ্ঠান সর্বস্ব হয়ে দাঁড়ায় আমাদের এই বিপুল আয়োজন, আমরা আত্মতুষ্টিতে ভুগছি। উপাচার ও উপকরণের ভারে চাপা পড়ে যায় মনুষ্যজাতির আবেগ।

কবি বিশ্বাস করতেন, সৃষ্টির কোনো মৃত্যু নেই, তার কোনো জরা নেই, কোনো ব্যাধি নেই, কোনো ধ্বংস নেই, কবির ‘বেলা যায়, গানের সুরে জাল বুনিয়ে।’ যে মানুষ ভয়ের কাছে আত্মসমর্পণ করে এগিয়ে চলতে পিছপা হয় তাকে আমরা জীবন বিমুখ ও পলাতকই মানি। বড়ো হবার সাথে সাথে হাতে পেলাম ‘গোরা’। গোরা-র জীবনদর্শ আমাকে মুগ্ধ করল। ধীরে ধীরে পরিচিত হতে থাকলাম কবির ভয় না পাওয়া চরিত্রগুলির সঙ্গে। আলাপ হল ‘শেষের কবিতা’ এর ‘অমিত-এর সঙ্গে। যে প্রেম ও ভালোবাসার পৃথক দুই রাজ্যে বসবাস করে, প্রেমকে আশ্রয়ের দৃষ্টিকোণ থেকে বিচার করে এবং ভালোবাসাকে কেবল হৃদয়ে সাধনার আসনে প্রতিষ্ঠিত করতে জানে। কবি বোঝাতে চাইলেন — ‘ঝড়কে আমি করব মিতে, ডরব না তার ভুকুটিতে।’

কবির অনুভূতিতে কড়া নেড়েছিল শিক্ষার অন্ধকার। কবি অনুভব ককরেছিলেন যে পল্লীর উন্নয়ন করতে গেলে জাত-পাতকে বিচারমুক্ত করতে হবে এবং সর্বোপরি সর্বসাধারণের মধ্যে শিক্ষার আলো বিলিয়ে দিতে হবে। একমাত্র তবেই গ্রামের দরিদ্র প্রজাদের মনের অজ্ঞতা দূর করা সম্ভব। তিনি বুঝেছিলেন হৃদয় দিয়েই হৃদয়ের দ্বার উন্মোচন করা সম্ভব। ‘শান্তি নিকেতন’-এ ছোট্ট জায়গায় নিজের ক্ষমতার মধ্যে শিক্ষা বিস্তার করে শুরু করলেন তিনি। ভারতবর্ষ পিছিয়ে থাকার মূল কাণ্ডারী হল শিক্ষা। কবি অনুভব করেন যে, শুধু শহরে নাগরিকতাকেই শিক্ষিত করে বিদেশীয়ানার স্পর্শ দিলে চলবে না, নিরক্ষর গ্রামকেও শিক্ষিত করে তুলতে হবে। নইলে সর্বাঙ্গীন বিকাশ সম্ভব নয়। কবির এই নীরব

শিক্ষা আন্দোলনের সময় কোনো সরকারি বিদ্যালয় ছিল না বললেই চলে। তাঁর এই নীরব আন্দোলনের উদ্দেশ্য ছিল শিক্ষা লাভ করে শক্তি সঞ্চয় করা। কারণ শিক্ষাই সকল শক্তির মূল চালিকাশক্তি। কবি বিশ্বাস করতেন, দেশে কতগুলি রেল লাইন স্থাপন করা হল, কতগুলি টেলিগ্রাম বসানো হল তা কখনোই দেশের গৌরব হতে পারে না। এবং এর সঙ্গে দেশের শক্তির কতখানি সম্পর্ক তাই-ই বিচার্য।

এটা তো চিরকালীন ধ্রুব সত্য যে, দেশে রেল লাইনের সংখ্যা ও টেলিগ্রাফের সংখ্যা কখনোই সেই দেশের গৌরব নয়। এর সঙ্গে দেশের শক্তির কতখানি অঙ্গাঙ্গী সম্পর্ক আছে সেটাই হচ্ছে গৌরব। ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিং পড়ার তাগিদে বিদেশে পাড়ি দেবার সংখ্যা যত বাড়বে সেই দেশের গৌরবের মান তত বেশি, এই বস্তাপচা চিন্তা-ভাবনা থেকে বেরিয়ে এসে সমাজ যতদিন না অন্তরের শিক্ষাকে গুরুত্ব ভেবে ততদিন সমাজের সর্বাঙ্গীন বিকাশ রুদ্ধ হয়েই থাকবে। বাড়িতে একটা Computer ও চারটে Smart phone শিক্ষার মাপকাঠি হতে পারে না। ওই Computer ও Smart phone এক উপাদান। শক্তির সাথে দেশের প্রযুক্তিগত শিক্ষা কতোটা জড়িয়ে তাই-ই শিক্ষার মাপকাঠি। মারামারি, হানাহানি, অস্ত্র সঞ্চয় করা বন্ধ করে অন্তরের প্রকৃত শিক্ষাকে সমস্ত অজ্ঞতার বিরুদ্ধে অস্ত্র হিসেবে ব্যবহার করতে হবে।

তাই কবির উদ্দেশ্যে বলি, আমি পাইনে তোমারে আমাদের প্রতিবার 'রবি' বার হলেও সেই কবিগুরু, সেই সৃষ্টি জগতের উজ্জ্বল নক্ষত্র সম্পূর্ণ আলোকে আমরা আজও গ্রহণ করতে পারিনি।

হে কবি, আমরা আজও তোমার ছবি সম্মুখে রেখে অনুষ্ঠান করি শুধুমাত্রই আমাদের ভীরুতা, অজ্ঞতাকে ভুলে থাকার জন্য। আড়ম্বর প্রিয় বাঙালী তথা ভারতবাসী প্রতি বছর তোমার জন্মদিন ও মৃত্যুদিন পালন করে এবং এই প্রতিযোগিতায় উত্তীর্ণ হয় যে কে কতো ভাল করে অনুষ্ঠান করে নিজেদের ভীরুতা ও কলঙ্কতার ইতিহাসকে চাপা দিয়ে রাখবে। অন্তরের অন্ধকার যে আজও ঘুচল না। তাই কবিগুরু তোমার উদ্ধৃতি দিয়েই শেষ করি—

''আমার জ্বলেনি আলো অন্ধকারে
দাও না সাড়া কি তাই বারে বারে...''



অলিভা পাল, প্রথম সেমিস্টার

যান্ত্রিক শৈশব

• • •

দেবরূপা ঘোষ
শ্রেণি : প্রথম বর্ষ বিভাগ : ইংরাজি (সাম্মানিক), সাংবাদিকতা ও গণমাধ্যম বিভাগ (সাধারণ)
ক্রমিক সংখ্যা : ৮৩

''যন্ত্র দিয়েছে বেগ,
কেড়েছে আবেগ।''

